
ইত্তেফাক ২১.০৩.১৭

# গ্রামে বাড়ি তৈরিতেও অনুমোদন লাগবে



গতকাল সচিবালয়ে মন্ত্রিসভা বৈঠকে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা —পিএমও

■ শ্যামল সরকার

নগরের পাশাপাশি গ্রামাঞ্চলেও বাড়িঘর নির্মাণ এবং যে কোনো উন্নয়ন কাজে ভূমি ব্যবহারের প্রয়োজনে স্থানীয় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন লাগবে। ১৯৫০ সালের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইনে গ্রামাঞ্চলে ভূমি ব্যবহারের ক্ষেত্রে জেলা প্রশাসকের অনুমতির বিধান থাকলেও সেটি প্রতিপালিত হয় না। এখন এই বিধান যুক্ত করে 'নগর ও অঞ্চল পরিকল্পনা আইন ২০১৭' এর খসড়া মন্ত্রিসভা নীতিগত অনুমোদন দিয়েছে। এই নিয়ম না মানলে পাঁচ বছর কারাদণ্ডের সঙ্গে ৫০ লাখ টাকা জরিমানার বিধান রাখা হয়েছে। ১৯৫০-এর আইনে শাস্তির বিধান ছিল না। জানতে চাইলে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম ইত্তেফাককে জানান, আইনটিতে মন্ত্রিসভা নীতিগত অনুমোদন দিয়েছে। এখন এটি আরও পরীক্ষা নিরীক্ষা হবে। বিধি বিধান প্রণীত হবে। সেক্ষেত্রে কোথায় কোন কর্তৃপক্ষ অনুমোদন দেবেন সেটি চূড়ান্ত থাকবে। অপর এক প্রশ্নের জবাবে তিনি বলেন, ২৫ মার্চ গণহত্যা দিবস আন্তর্জাতিকভাবে পালনের

- আইন লঙ্ঘনে শাস্তি ৫ বছর কারাদণ্ড ও ৫০ লাখ টাকা জরিমানা
- ২৫ মার্চ গণহত্যা দিবস জাতীয় ও আন্তর্জাতিকভাবে পালিত হবে

পৃষ্ঠা ১৯ কলাম ৩